উপজেলা সমবায় অফিসারের কার্যালয়
ভালুকা, ময়মনসিংহ।

## পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক উপজেলা কমিটির কার্যবিবরণী

সভাপতি ঃ জনাব সেলিনা আক্তার, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, ভালুকা, ময়মনসিংহ।
সভার স্থান ঃ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ এর অফিস কক্ষ।
সভার তারিখ ঃ ২৮/০৭/২০২১ খ্রিঃ, সময় ঃ সকাল ১১.০০ ঘটিকায়।
সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা ঃ পরিশিষ্ট-'ক'

সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অতপর উপজেলা পল্লী উন্নয়ন অফিসার ও পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক উপজেলা কমিটির সদস্য সচিব কে ভালুকা উপজেলায় পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক আর্থ-সামাজিক কার্যক্রম গ্রহণের লক্ষ্যে বিস্তারিত আলোচনা করার জন্য আহবান করেন এবং বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|
| ১ | অদ্যকার সভায় উপজেরা পরিষদ মহিলা ভাইস চেয়ারম্যান জনাব সেলিনা আক্তার এর সভাপতিত্বে সভার কাজ শুরু হয় ।<br>১ নং আলোচ্যসূচীমোতাবেক বিগত সভার কার্য বিবরণী পাঠ করে শুনানো হয় । অতঃপর তা সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়<br>উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, ভালুকা সভায় জানান যে, সেচ সম্প্রসারণ কর্মসূচির আওতায় অফিসার, ভালুকা সভায় জানান যে, অতি দরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচির ১ম পর্যায়ে কাজ সফল ভাবে সম্পন্ন করা হয়েছে। তাছাড়া বর্ষা মৌসুম আগত কাল বৈশাখি ছোবল লাগলে তৎক্ষণাৎ অবহিত করার জন্য তিনি অনুরোধ জানান। টি.আর ও কাবিটার কার্যক্রম মাঠ পর্যায়ে চলমান রয়েছে। তিনি আরও জানান যে, প্রকল্পের গুণগত মান এবং অগ্রগতি সম্পর্কে জানার জন্য প্রত্যেক ইউনিয়নে একজন করে ট্যাগ অফিসার নিযুক্ত রয়েছে। কিন্তু ট্যাগ অফিসারগণ পরিদর্শন প্রতিবেদন প্রেরণ না করায় প্রকল্পের অগ্রগতি জানা যায় না বিধায় প্রত্যেক ট্যাগ অফিসারগণকে প্রকল্পের কাজ পরিদর্শন পূর্বক প্রতিবেদন প্রেরণ নিশ্চিত করার জন্য তিনি অনুরোধ জানান। | ক. পরিবেশের ভারসাম্য এবং বজ্রপাত থেকে রক্ষায় প্রত্যেক ইউনিয়নে তালগাছের বীজ রোপন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ. দ্রুত সময়ের মধ্যে বিধি মোতাবেক প্রকল্প বাস্তবায়ন করার জন্য করতে হবে। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(সেলিনা আক্তার)
উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, ভালুকা।

স্মারক নং-উপঃ পঃ/ভা.ম/২০২১- তারিখঃ ২৮/০৭/২০২১ খ্রিঃ

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ
১। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
২। উপ-পরিচালক স্থানীয় সরকার , ময়মনসিংহ।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভালুকা, ময়মনসিংহ।
৪। উপজেলা নির্বাহী অফিসার, ভালুকা, ময়মনসিংহ।
৫। চেয়ারম্যান...........................................ইউপি, ভালুকা, ময়মনসিংহ।

উপজেলা পল্লী উন্নয়ন অফিসার
ভালুকা, ময়মনসিংহ।